# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৮২]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৬০: ফজরের দু' রাকআত সুন্নাতের সময় এবং হাদীস বর্ণনায় নাফি-এর ওপর মতানৈক্য

باب وَقْتِ رَكْعَتَىِ الْفَجْرِ وَذِكْرِ الاِخْتِلاَفِ عَلَى نَافِعٍ

---

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ مَسْعُودٍ، قَالَ: حَدَّثَنَا خَالِدٌ، قَالَ: حَدَّثَنَا هِشَامٌ، قَالَ: حَدَّثَنَا يَحْيَى، عَنْ أَبِي سَلَمَةَ، أَنَّهُ سَأَلَعَائِشَةَ عَنْ صَلاَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ، قَالَتْ: كَانَ يُصَلِّي ثَلاَثَ عَشْرَةَ رَكْعَةً، يُصَلِّي ثَمَانَ رَكَعَاتٍ ثُمَّ يُوتِرُ ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ، فَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ قَامَ فَرَكَعَ، وَيُصَلِّي رَكْعَتَيْنِ بَيْنَ الأَذَانِ وَالإِقَامَةِ فِي صَلاَةِ الصُّبْحِ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٧٥٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1782 - صحيح

বাংলা

১৭৮১. ইসমাঈল ইবনু মাসউদ (রহ.) ..... আবু সালামাহ (রহ.) হতে বর্ণিত। তিনি আয়িশাহ্ (রাঃ)-কে রসূলুল্লাহ (সা.) -এর রাতের সালাত সম্পর্কে প্রশ্ন করলে তিনি বললেন- রসূলুল্লাহ (সা.) তের রাক’আত সালাত আদায় করতেন। প্রথমে আট রাকআত সালাত আদায় করতেন। তারপরে বিতরের সালাত আদায় করতেন। অতঃপর বসা অবস্থায় দু' রাকআত সালাত আদায় করতেন। যখন রুকূতে যাওয়ার মনস্থ করতেন দাঁড়িয়ে যেতেন। অতঃপর রুকূতে যেতেন। আর ফজরের আযান এবং ইকামতের মধ্যবর্তী সময়ে দু' রাক'আত সুন্নাত আদায় করতেন।

## English

The time for the two rak'ahs of Fajr, and mentioning the differences reported from Nafi'

It was narrated from Abu Salamah that : He asked Aishah about the prayer of the Messenger of Allah (ﷺ) at night. She said: He used to pray thirteen rak'ahs. He would pray eight rak'ahs then pray witr, then pray two rak'ahs sitting down. When he wanted to bow he would stand and bow, and he prayed two rak'ahs between the adhan and iqamah of subh prayer.

## ফুটনোট

সহীহ: বুখারী ১১৫৯, মুসলিম ৭৩৮, আবু দাউদ ১৩৪০, আবু দাউদ ১২১১। [দ্রঃ ১৭৫৬]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90277

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন